নবনির্বাচিত মেয়র মাহফুজুর রহমান রিটনকে সংবর্ধনা

মেহেরপুর পৌরসভা নবনির্বাচিত মেয়র মাহফুজুর রহমান রিটনকে সংবর্ধনার প্রদান করা হয়েছে। শনিবার রাতে মেহেরপুর পৌরসভার সামনে এই সংবর্ধনার আয়োজন করা হয়।

মেহেরপুর পৌরসভার সামনের ব্যবসায়ীবৃন্দরা নবনির্বাচিত মেয়র মাহফুজুর রহমান রিটনকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। এসময় মিন্টু, সুমন, পারভেজ, খোকন, আরিফ, মোহন, হিমেল প্রমুখ উপস্থিত ছিলেন ।

গাংনীর বাওটে মোটরসাইকেলের সাথে আলগামনের ধাক্কা, ৪ জন আহত

মেহেরপুর-কুষ্টিয়া সড়কের বাওট নামক স্থানে ইঞ্জিনচালিত আলগামনের সাথে ধাক্কায় আলগামন চালক ও তিন মোটরসাইকেল আরোহীসহ ৪ জন মারত্বক আহত হয়েছে।

আহতরা হলেন, গাংনী উপজেলার বাওট গোরস্থানপাড়া এলাকার জমির উদ্দীনের ছেলে অন্তর হোসেন (১৪), শফিউল ইসলামের ছেলে সোয়েব আলী
(১৬) তার খালাতো ভাই পাশ্বর্তি কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার লক্ষিপুর গ্রামের জুনায়েদ হোসেন ও অজ্ঞাত আলগামন চালক।

এদের মধ্যে সোয়েব, অন্তর ও জুনায়েদকে উদ্ধার করে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নিয়েছে। এছাড়া অজ্ঞাত আলগামন চালককে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়েছেন। শনিবার রাত সাড়ে ৯ টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের বাওট গালর্স স্কুলের সামনে এ দূর্ঘটনা ঘটে।

আহত অন্তর হোসেন বাওট সোলাইমানী মাধ্যমিক বিদ্যালয়ের নবম

শ্রেনীর ছাত্র, সোয়েব হোসেন এবার এসএসসি পরীক্ষার্থী ও জুনায়েদ হোসেন দশম শ্রেনীর ছাত্র।

স্থানীয় প্রত্যক্ষদর্শী সাহাবুল ইসলাম ও ইউপি সদস্য নিয়ামত আলী জানান, সোয়েব, অন্তর ও জুনায়েদ একই মোটরসাইকেলে খুলিশাকুন্ডি থেকে নিজ গ্রামে আসছিলেন। এসময় একটি আলগামন দ্রুত গতিতে খলিশাকুন্ডির দিকে যাচ্ছিলো। বাওট গার্লস স্কুলের সামনে পৌছানো মাত্রই মুখোমুখি সংঘর্ষ হয়। এতে মোটরসাইকেল আরোহী তিনজন ও আলগামন চালক সবাই রাস্তার উপর পড়ে মারাত্বক আহত হন।

প্রতিটি এলাকায় জেলা পরিষদের উন্নয়ন কাজ হয়েছে

জেলা পরিষদের মাধ্যমে মেহেরপুর জেলার বিভিন্ন উন্নয়ন ও আগামীদের পরিকল্পনা নিয়ে মেহেরপুর জেলা পরিষদের প্রশাসক গোলাম রসুল মেহেরপুর প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন।

শনিবার রাত ৮ টার সময় মেহেরপুর প্রেসক্লাব মিলনায়তনে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় বক্তব্য রাখেন প্রেসক্লাবের উপদেষ্টা তুহিন আরণ্য, ওয়াজেদুল হক জেদু, সাবেক সভাপতি আলামিন হোসেন, কামারুজ্জামান খান, কোষাধ্যক্ষ জিএফ মামুন লাকি, দফতর সম্পাদক মনিরুল ইসলাম, সদস্য আবু লায়েছ লাবলু, গোলাম মোস্তফা, জুলফিকার আলী কানন প্রমুখ।

মতবিনিময় সভায় গোলাম রসুল বলেন, মেহেরপুর জেলার প্রতিটি এলাকায় জেলা পরিষদের উন্নয়ন কাজ হয়েছে। এলাকার রাস্তা-ঘাট, ধর্মীয় প্রতিষ্ঠান থেকে শুরু করে নানা ধরনের উন্নয়ন করা হয়েছে। তিনি বলেন, মানুষ দায়ীত্বে থাকলে তার মধ্যে পরিপক্কতা আসে।

আমি জেলা পরিষদের চেয়ারম্যান হওয়ার পর আমার মধ্যে সেই পরিপক্কতা

কতটুকু এসেছে আমি বলতে পারবো না। তবে এলাকার মানুষ সে বিচার করবে। আগামীতে মেহেরপুর জেলার সাংবাদিকদের সংগঠনসহ বিভিন্ন উন্নয়ন বাস্তবায়ন করা হবে বলে জানান তিনি। মতবিনিময় সভায় সঞ্চালনা করেন প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু।

গাংনীর করমদিতে ছোট ভাইকে ঘর ছাড়া করলেন বড় ভাই

মেহেরপুরের গাংনীর করমদিতে ছোট ভাই মোজাম্মেল হকের জমি রেজিষ্ট্রি করে বাড়ি থেকে বিতাড়িত করেছেন আপন বড় ভাই মোফাজ্জেল হক।

শুধু জমিই নেয়নি, বড় ভাই মোফাজ্জেল হকের বিরুদ্ধে মাঝে মাঝে শারীরিক নির্যাতনের অভিযাগ করেছে ছোট ভাই মোজাম্মেল হক। মারধর করে জমি লিখে নিয়ে বাড়ি থেকে বিতাড়িত করায় সব হারিয়ে ছোটভাই এখন অন্যের দ্বারে দ্বারে ঘুরছেন।

জানাগেছে,মেহেরপুরের গাংনী উপজেলার করমদি সাহাবুর পাড়ার মৃত রমজান আলীর তিন ছেলে ও তিন মেয়ে। বড় ছেলে মোফাজ্জেল হক,মেজ ছেলে তোফাজ্জেল হক ও ছোট ছেলে মোজাম্মেল হক। ছোট ছেলে মোজাম্মেল হক অনেকটাই মানসিক ভারসাম্যহীন। পিতা মামতার মৃত্যুর পর মোজাম্মেল অসহায় জীবন যাপর করতো। বড় ভাই মোফাজ্জেল ছোট ভাইয়ের ভরনপোষনের সব দায়িত্ব নেন। কয়েকবছর পর ছোট ভাইকে হাসপাতালে নিয়ে যাবার কথা বলে বছর কয়েক আগে করমদি মৌজার ২২৪২ খতিয়ানের ১৫২০ দাগের আড়াই শতক জমি রেজিষ্টি করে নেয় বড় ভাই মোফাজ্জেল হক।

জমি নেয়ার পর থেকে মোজাম্মেল হককে শারীরীক ও মানষিকভাবে নির্যাতন শুরু করেন বড় মোফাজ্জেল হক। এক পর্যায়ে মারধর করে বাড়ি থেকে বিতাড়িত তরে দেয় ছোট ভাই মোফাজ্জেল হককে। সব হারানো মোজাম্মেল এখন অন্যের দ্বারে দ্বারে ঘুরছেন। মিলছেনা একটু মাথা গোজার ঠাঁই।

ভুক্তভোগী মোজাম্মেল হক জানায়, জমি নেয়ার আগে আমাকে ভালবাসতো। এখন আমাকে খেতে দেয়না। গরুর গোয়ালে ঘুমাতে দেয়। গরমে কষ্ট করলেও বিদ্যুৎ বিল বেশি হবে বলে ফ্যাল চালাতেও দেয়না। আমি খাবার চাইলে আমাকে মারধর করে। গত শনিবার আমাকে আমার বড় ভাই মারধর করে বাড়ি থেকে বের করে দিয়েছেন।

মোজাম্মেল হকের মেজভাই তোফাজ্জেল হক জানায়, আমার ছোট ভাইটি শিশু কাল থেকে মানসিক ভারসাম্যহীন নির্বোধ। আমাদের ছোট রেখে বাবা মা মারা যায়। আমার বাবার নামে জমি জমা ছিলনা। মায়ের নামে জমি ছিল। মা বাবর মৃত্যুর পর পারিবারিকভাবে ছোট ভাইকে বড় ভাইয়ের কাছে রেখেছিলাম। শর্ত সাপেক্ষে ছোট ভাইয়ের অংশের জমি বড় ভাই ভোগ করবেন। কিন্তু বড় ভাই প্রতারণার আশ্রয় নিয়ে ছোট ভাইকে বোকা পেয়ে বাড়ির সব জমি লিখে নিয়েছে। এবং ছোট ভাইকে বাড়ি থেকে তাড়িয়ে দিয়েছে। আমরা এখন সেই জমি ফেরত চাই।

স্থানীয় ইউপি সদস্য তোহিদুল ইসলাম জানায়, বিষয়টি মিমাংসা করার জন্য গ্রামে সালিশ করা হলে সালিশে বড় ভাই মোফাজ্জেল উপস্থিত না হওয়ায় সমাধান করা হয়নি। তিনি আরো বলেন, ছোট ভাই মোজাম্মেল যেহেতু পাগল সেহেতু তার দায়িত্ব যখন জমির বিনিময়ে নিয়েছিল বড় ভাই এখন যেহেতু তাড়িয়ে দিয়েছে এবিষয়ে আইন অনুযায়ী যে সহযোগীতা প্রয়োজন তা করা হবে।

এবিষয়ে বড়ভাই মোফাজেজল হকের সাথে মোবাইল ফোনে কথা হলে তিনি জানান, আমি কারো জমি লিখে নিইনি। আমি ছোট ভাইবোনদের মানুষ করেছি। আমার মায়ের নামে যে জমি ছিল তা আমি প্ররিশ্রম করে কিনেছিলাম। তারা এখন আমার বিরুদ্ধে অপপ্রচার চালাচ্ছে। কয়েকদিন আগে আমাকে আমার মেজভাই তোফাজ্জেল ও ছোট ভাই মোজাম্মেল মারধর করে একটি হাত ভেঙ্গে দিয়েছে। আমি এখন মেহেরপুর সদর হাসপাতালে চিকিৎসাধীন আছি। আমার বিরুদ্ধে সংবাদ প্রকাশ করলে সাংবাদিকের নামে মামলা করারও হুমকি দেন তিনি।

এবিষয়ে তেঁতুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস বলেন, মোফাজ্জেল একজন নির্বোধ মানুষ। জ্ঞান শক্তি কম। তাকে বাড়ি থেকে তাড়িয়ে দেবার বিষয়টি খুবই হৃদয় বিদারক ও মানবিক। এবিষয়ে ভুক্তভোগীর পক্ষে কেউ বিচার চাইলে আমি আইনের মধ্যে থেকে যতটুকু পারি সহায়তা করবো।

গাংনী থানার তদন্ত অফিসার মনোজিৎ কুমার নন্দি বলেন, এটি মানবিক

বিষয়। নির্বোধ পেয়ে ছোট ভাইয়ের সাথে আপন বড় ভাই প্রতারণা করেছেন। বিষয়টি আদালতের আশ্রয় নেয়া প্রয়োজন।

শিক্ষক লাঞ্ছিতের প্রতিবাদে মেহেরপুরে উদীচী শিল্পীগোষ্ঠীর মানববন্ধন

অব্যাহত শিক্ষক নির্যাতন,নিপীড়ন ও হত্যার প্রতিবাদে দেশব্যাপী প্রতিবাদী সাংস্কৃতিক সমাবেশের অংশ হিসেবে মেহেরপুরে বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠীর উদ্যোগে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকাল ৫ টার দিকে মেহেরপুর প্রেস ক্লাব প্রাঙ্গণে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠীর সভাপতি সুশীল চক্রবর্তী এর নেতৃত্বে মানববন্ধনে উপস্থিত ছিলেন, বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠীর সাধারণ সম্পাদক এডভোকেট মিজানুর রহমান, অক্সফোর্ড কিন্ডারগার্ডেন স্কুলের অধ্যক্ষ জানে আলম, সদস্য মোঃ ফিরোজ হোসেন, আরাত্রিকা চক্রবর্তী, সাধনা খাতুন, রবীন্দ্রনাথ ভট্টাচার্য, সঞ্জিত পাল বাপ্পি, শহিদুল ইসলাম কানন, রতন পাল, আহসান রাজিব (অপু), রাজন, অনুভব আহমেদ প্রমুখ।

মেহেরপুর সমবায় ব্যাংক লিঃ এর ত্রি-বার্ষিক নির্বাচন-২০২২

অনুষ্ঠিত

মেহেরপুর সমবায় ব্যাংক লিঃ এর ত্রি-বার্ষিক নির্বাচন-২০২২ অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর সমবায় ব্যাংকের ২০২২-২০২৫ সালের জন্য সভাপতি হিসেবে নুরুল ইসলাম, সহসভাপতি অ্যাডভোকেট কাজী শহিদুল হক, মেহেরপুর সদর ও মুজিবনগর থানার পরিচালক মো: আলী কদর মন্টু ও গাংনী থানার পরিচালক এসএম ফয়েজ প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত হয়েছেন।

এর আগে মেহেরপুর সমবায় ব্যাংকের পরিচালনা পর্ষদের সভাপতি, ও ২ জন সদস্য পদে কোনো প্রতিদ্বন্দ্বী প্রার্থী না থাকায় মো: নুরুল ইসলাম সভাপতি, মো: আলী কদর মন্টু মেহেরপুর সদর ও মুজিবনগর থানার পরিচালক ও এসএম ফয়েজ গাংনী থানার পরিচালক হিসেবে বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত হয়েছেন।

আজ শনিবার (২ জুলাই) অনুষ্ঠিত ভোটের নির্ধারিত দিনে অ্যাডভোকেট কাজী শহিদুল হক (মাছ প্রতীক) ও মো: তোজাম্মেল হক (মই প্রতীক) সহ-সভাপতি পদের দুই জন প্রার্থীর মধ্যে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।

নির্বাচনে দুজনে প্রার্থীই ৮ টি করে সমান ভোট পাওয়ায় প্রবীণ প্রার্থী মো: তোজাম্মেল হক নিজের প্রার্থীতা প্রত্যাহার করে নিয়ে প্রতিদ্বন্দ্বী প্রার্থী অ্যাডভোকেট কাজী শহিদুল হককে বিজয়ী ঘোষণার জন্য নির্বাচন কমিশনকে অনুরোধ জানান।

পরে নির্বাচন পরিচালনা কমিটির সভাপতি ও গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টু ফলাফল ঘোষণা করেন। এসময় নির্বাচন পরিচালনার সদস্য, সাইফুর রহমানx মো: জামিয়ে আলমসহ বিজয়ী প্রার্থীরা উপস্থিত ছিলেন।

নির্বাচন পরিচালনা কমিটির সভাপতি ও গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টু বলেন, মেহেরপুর সমবায় ব্যাংক লিঃ এর বর্তমানে ৩৫ টি নিবন্ধীত সমবায় সমিতির লিমিটেডের মধ্যে ১৬ টি সমিতির বৈধ ব্যবস্থাপনা কমিটি আছে।

সহ সভাপতি পদে দুজন প্রার্থী থাকায় ব্যালটের মাধ্যমে নির্বাচনের ব্যবস্থা করা হয়। সকাল ১১ টা থেকে বেলা ২ টা পর্যন্ত ভোট গ্রহণ চলে।

পরে ব্যাংক মিলনায়তনে প্রার্থীরা একে অপরকে মিষ্টি মুখ করান ও ফুলের মালা দিয়ে বরণ করে নেন।

গাংনীতে ফুফু শাশুড়ির হাত ভেঙ্গে দিলেন জামায়

গাংনীতে পুলিশের কাছে অভিযোগ করায় ভানুয়ারা খতুন (৫৫) নামের ফুফু শাশুড়িকে রড দিয়ে পিটিয়ে হাতের হাড় ফাটিয়ে দিয়েছে মামাত ভাইয়ের জামাতা বকতিয়ার হোসেন।

আহত ভানুয়ারা গাংনী উপজেলার সহড়াতলা গোরিপুর গ্রামের সামসুল হকের স্ত্রী। গত বৃহস্পতিবার (১ জুলাই) সকালে এ হামলার ঘটনা ঘটে।

ভানুয়ারা জানায়, গত সোমবার দুপুরে গাংনী উপজেলার শহড়াতলা গ্রামের মুক্তার আলীর ছেলে বকতিয়ার রহমান তার ফুফু শাশুড়ি ভানুয়ারা খাতুনকে আম চুরির মিথ্যা অপবাদ দিয়ে মারধর করে আহত করে। এঘটনায় আহত ভানুয়ারা গাংনী হাসপাতালে চিকিৎসা নিয়ে ওই দিন গাংনী থানায় একটি লিখিত অভিযোগ করেন। অভিযোগের প্রেক্ষিতে গাংনী থানা পুলিশের এএসআই মোহাম্মদ আলী ওই গ্রামে ঘটনার তদন্ত করতে যান গ্রামে। এই ঘটনায় ক্ষিপ্ত হয়ে বকতিয়ার গত বৃহম্পতিবার আবারো ভানুয়ারা কে লোহার রড দিয়ে পিটিয়ে আহত করে। এসময় স্থানীয়রা ভানুয়ারা খাতুনকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

ভানুয়ারা খাতুনের ছোট বোন মানজিয়া খাতুন জানান, বকতিয়ার আমাদের মামাত ভাইয়ের জামাই হয়। সে আমার বড় বোন ভানুয়ারা খাতুনকে আমচুরির মিথ্যা অপবাদ দিয়ে প্রথমে মারধর করে। পরে তার বিরুদ্ধে থানায় অভিযোগ করলে আবারো তাকে মারধর করে হাতের হাড় ফাটিয়ে দিয়েছে।

গাংনী হাসপাতালের চিকিৎসক আদিলা আযহার র্অশি বলেন ভানুয়ারার বাম হাতরে একটি হাড় ফেটে গছে। তাকে হাসপাতালে র্ভতি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে।

গাংনী থানার এএসআই মোহাম্মদ আলী বলেন, প্রাথমিক অভিযোগ করেছিল ভানুয়ারা। আমি ওই গ্রামে তদন্ত করতে গিয়েছিলাম। সেখান থেকে ফিরে আসার পর আবারো ওই নারীর ওপর হামলা করেছে এমন ঘটনা শূনেছি।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক বলেন, ওই নারী হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। মামলাটি প্রক্রিয়াধীন রয়েছে। তিনি সুস্থ্য হয়ে উঠলে মামলা হবে।

নানা আয়োজনে মেহেরপুরে ১০০তম সমবায় দিবস পালিত

আনুষ্ঠানিকভাবে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলন, বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে মেহেরপুরে ১০০তম জাতীয় সমবায় দিবস পালিত হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে আজ শনিবার (২ জুলাই)সকাল ১০ টা সময় মেহেরপুর জেলা সমবায় কার্যালয়ের সামনে জাতীয় সংগীতের সুরে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলন করা হয়।

মেহেরপুর জেলা সমবায় কর্মকর্তা প্রভাস চন্দ্র বালা জাতীয় পতাকা এবং সমবায় ব্যাংক ব্যবস্থাপনা কমিটির সভাপতি নুরুল ইসলাম সমবায় পতাকা উত্তোলন করেন। পতাকা উত্তোলন শেষে সমবায় ব্যাংকের সামনে বৃক্ষরোপন করা হয়।

পরে ১০০ তম সমবায় দিবস উপলক্ষে একটি বর্ণাঢ্য র্যালি সমবায় ব্যাংকের সামনে থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্তানে এসে শেষ হয়।

শোভাযাত্রায় অন্যান্যদের মধ্যে মেহেরপুর জেলা সমবায় ব্যাংকের ব্যবস্থাপনা সভাপতি নুরুল ইসলাম, রোকনুজ্জামান তুষার প্রমূখ অংশগ্রহণ করেন।

জেলা সমবায় কর্মকর্তা প্রভাস চন্দ্র বালা সভায় সভাপতিত্ব জেলা সমবায় কার্যালয় মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা

সমবায় কার্যালয়ের সহকারী প্রশিক্ষক রোকনুজ্জামান তুষারের সঞ্চালনায় বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা সমবায় অফিসার মনিরুজ্জামান, পরিদর্শক নুরুজ্জামান, হাসনাবাদ মৎস্যজীবি সমবায় সমিতির সভাপতি শরিফুল ইসলাম প্রমুখ।

আমঝুপিতে বিএনপি কর্মীদের হামলায় আওয়ামী লীগ কর্মী আহত

সামাজিক বৈঠক চলাকালিন সময়ে ইউনিয়ন পরিষদের নির্বাচনে নৌকা প্রতীকের এজেন্ট নজরুল ইসলামকে (৫২) পিটিয়ে আহত করেছেন বিএনপি কর্মীরা।

আহত নজরুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের গন্ধরাজপুরপাড়া এলাকার রেজাউল শেখের ছেলে।

গত শুক্রবার (১ জুলাই) দিবাগত রাত সাড়ে ১১ টার দিকে আমঝুপি গ্রামের গন্ধরাজপুর পাড়াতে এ মারপিটের ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, ঈদুল আযহাকে কেন্দ্র করে আমঝুপি গ্রামে সামাজিক বৈঠক চলছিল। বৈঠক শেষে নজরুল ইসলাম বাড়িতে ফিরছিলেন। এসময় মৃত আব্দুস সাত্তারের ছেলে হজরত আলী, পঞ্চু শেখের ছেলে মিরাজুল, তাহাজ উদ্দীন ফরাজির ছেলে ফারদুল, আবুল কায়েরের ছেলে সাখাওয়াত ও নগু’র ছেলে জহুরুল ইসলামসহ তাদের লোকজন নজরুল ইসলামকে বেধড়ক মারপিট করে।তাদের লাথি কিল ঘুঁষিতে আহত হন নজরুল ।

স্থানীয়রা তাকে আহতাবস্থায় উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করেন। বর্তমানে সে আইসিইউতে চিকিৎসাধীন রয়েছে।

এদিকে আহত নজরুল ইসলামকে আজ দুপুরে হাসপাতালে দেখতে যান আমঝুপি ইউনিয়নের নবনির্বাচিত চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামীলীগের সভাপতি বোরহান উদ্দীন আহমেদ চুন্নু, ইউপি সদস্য আবুল কাশেম , আওয়ামীলীগ নেতা হেলাল উদ্দীন, আনিছুর রহমানসহ অনেকেই।

এঘটনায় হামলাকারীদের বিরুদ্ধে মামলার প্রস্তুতি নিচ্ছেন আহতের পরিবার।

মুজিবনগর স্মৃতিসৌধ শ্রদ্ধা নিবেদন করলেন মেহেরপুর পৌরসভার নব-নির্বাচিত পরিষদ

ঐতিহাসিক মুজিবনগর স্মৃতিসৌধ পুষ্পমাল্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করলেন মেহেরপুর পৌরসভার নব-নির্বাচিত পরিষদ।

আজ শনিবার (২ জুলাই) দুপুরের দিকে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটনের নেতৃত্বে পৌরসভার সাধারণ ও সংরক্ষিত নারী কাউন্সিলরগন মুজিবনগর স্মৃতি শৌধে পুস্পমাল্য অর্পণ করেন ।

১ নং ওয়ার্ড কাউন্সিলর মীর জাহাঙ্গীর আলম,২ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর আল মামুন, ৩ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সৈয়দ আবু আব্দুল্লাহ, ৪ নং ওয়ার্ডের কাউন্সিলর আব্দুর রহিম, ৫ নং ওয়ার্ডের কাউন্সিলর মোস্তাক আহমেদ ৬ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর শাহিনুর রহমান রিটন, ৭ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব, ৮ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সৈয়দ মঞ্জুরুল কবীর রিপন, এবং ৯ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সোহেল রানা ডলার সংরক্ষিত নারী কাউন্সিলর ১নং ওয়ার্ড (১,২,৩) দিল আফরোজ ২নং ওয়ারর্ডের কাউন্সিলর (৪,৫,৬) শারমিনা পারভীন এবং ৩নং ওয়ার্ডের কাউন্সিলর (৭,৮,৯) রোকসানা কামাল রুনু সাথে ছিলেন।

গত ১৫ জুন মেহেরপুর পৌরসভা নির্বাচনে মাহফুজুর রহমান রিটন মেয়র পদে দ্বিতীয়বারের মত মেয়র র্নির্বাচিত হন। ১ জুলাই মেয়র হিসেবে শপথ গ্রহণ করেন।